

২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোসাঃ জেসমীন আরা
উপজেলা নির্বাহী অফিসার, ফরিদপুর, পাবনা।

স্থান : উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ।

তারিখ : ২০.০২.২০২২ খ্রিঃ

সময় : বেলা ১১-০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা :

ক্রঃ নং	নাম ও পদবী	কমিটিতে পাদবী	স্বাক্ষর
০১।	জনাব মোসাঃ জেসমীন আরা উপজেলা নির্বাহী অফিসার, ফরিদপুর, পাবনা	সভাপতি	স্বাক্ষরিত/-
০২।	জনাব মোঃ শফিকুল ইসলাম, অফিস সহকারি-কাম-কম্পিউটার অপারেটর উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ফরিদপুর, পাবনা।	সদস্য	স্বাক্ষরিত/-
০৩।	জনাব রাজকুমার হালদার, অফিস সহকারি-কাম-কম্পিউটার অপারেটর উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ফরিদপুর, পাবনা।	সদস্য	স্বাক্ষরিত/-
০৪।	জনাব মোঃ আব্দুল আউয়াল, সহকারি প্রোগ্রামার, আইসিটি ফরিদপুর, পাবনা।	সদস্য-সচিব	স্বাক্ষরিত/-

অধ্যকার সভা জনাব মোসাঃ জেসমীন আরা, উপজেলা নির্বাহী অফিসার, ফরিদপুর,পাবনা'র সভাপতিত্বে আরম্ভ হয়। সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান এবং সভার কার্যক্রম শুরু করার জন্য জনাব মোঃ শফিকুল ইসলাম, অফিস সহকারি কাম-কম্পিউটার অপারেটরকে অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে জনাব মোঃ শফিকুল ইসলাম সভার কাজ শুরু করেন এবং অত্র কার্যালয়ের জন্য প্রণীত শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ এর বিভিন্ন কর্ম সম্পাদন সূচক সভায় উপস্থাপন করেন। সভাপতি তাঁর কার্যালয়ের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে সচেতন থাকার জন্য অনুরোধ জানান এবং এতদসংক্রান্ত প্রতিবেদন যথাসময়ে উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণের জন্যও সভায় অনুরোধ জানান। সভায় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের সকল সূচক নিয়ে আলোচনা হয় এবং নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচনা/সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	২০২১-২০২২ অর্থ বছরের জন্য প্রণীত শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার সকল সূচক যথাযথভাবে বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ।	১। রাজকুমার হালদার অফিস সহকারি-কাম-কম্পিউটার অপারেটর
০২।	কর্ম-পরিবেশ উন্নয়ন এবং স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক দাপ্তরিক কার্যক্রম পরিচালনাসহ অত্রাফিসের টিওএন্ডইভুজ্ঞ অকেজো মালামাল বিনষ্টকরণ বিষয়ে সভায় আলোচনা হয়। এ বিষয়ে অত্রাফিসের সিএ-কাম-ইউডিএ জানান অত্রাফিসের অব্যবহৃত মালামাল স্টোর রুমে সংরক্ষণ করা হচ্ছে। স্টোর রুমে নতুন করে মালামাল রাখার মত জায়গা নেই। সেহেতু পুরাতন বিনষ্টযোগ্য ফাইল, পুরাতন ভাঙ্গা টাইপ মেশিন, ডুপ্লিকেটিং মেশিন, কম্পিউটারের ভাঙ্গা প্রিন্টার ইত্যাদি বিনষ্ট করা যেতে পারে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে বর্ণিত মালামালাগুলি বিনষ্ট করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	১। মোঃ শফিকুল ইসলাম অফিস সহকারি-কাম-কম্পিউটার অপারেটর ২। রাজকুমার হালদার অফিস সহকারি-কাম-কম্পিউটার অপারেটর
০৩।	অফিস কক্ষ ও অফিসের আঙ্গীনা পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধিকরণ বিষয়ে জনাব রাজকুমার হালদার বলেন বিভিন্ন অফিসের কর্মচারী ও আগত জনগণ যত্রতত্র অব্যবহৃত কাগজ-পত্র, ময়লা-আবর্জনা ফেলে অফিসের পরিবেশ নষ্ট করে। বিষয়টি নিয়ে সভায় আলোচনা হয়। আলোচনান্তে অফিসের দেয়ালে " ময়লা আবর্জনা নিদিষ্ট স্থানে ফেলুন" সম্বলিত লিফলেট টাঙানোসহ অফিস ও অফিসের আঙ্গীনা পরিষ্কার পরিচ্ছন্ন রাখার নিমিত্ত পরিচ্ছন্নতাকর্মীদের-প্রয়োজনীয় নির্দেশা দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার ফরিদপুর, পাবনা। ২। রাজকুমার হালদার অফিস সহকারি-কাম-কম্পিঃ অঃ